

India-Seychelles High Level Virtual Event (April 8, 2021)

April 07, 2021

ভারত-সেসেলস্-এর মধ্যে ৮ এপ্রিল ভার্চুয়ালি উচ্চ পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান

এপ্রিল 07, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ৮ এপ্রিল সেসেলসের রাষ্ট্রপতি মিঃ ওয়েভেল রামকালানায়ানের সঙ্গে উচ্চ পর্যায়ের বিভিন্ন অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশগ্রহণ করবেন। তিনি সেসেলসের বিভিন্ন ভারতীয় প্রকল্পের উদ্বোধনও এই অনুষ্ঠানে করবেন।

উচ্চ পর্যায়ের এই অনুষ্ঠানে যে বিষয়গুলি থাকবে সেগুলি হল :

- ক) সেসেলসে নতুন ম্যাজিস্ট্রেট আদালত ভবনের বৈদ্যুতিন পদ্ধতিতে যৌথভাবে উদ্বোধন;
- খ) সেসেলসের উপকূল রক্ষার জন্য দ্রুতগতি পেট্রোল চালিত যানবাহনের হস্তান্তর;
- গ) এক মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌর বিদ্যুৎ প্রকল্পের হস্তান্তর;
- ঘ) ১০টি সম্প্রদায়ের উন্নয়ন সংক্রান্ত প্রকল্পের উদ্বোধন;

রাজধানী ভিক্টোরিয়ায় নতুন ম্যাজিস্ট্রেট আদালত ভবনটি সেসেলসে ভারতের প্রথম পরিকাঠামো সংক্রান্ত প্রকল্প। ম্যাজিস্ট্রেট আদালত ভবনটি একটি অত্যাধুনিক সুযোগ সুবিধে সম্পন্ন ভবন। ম্যাজিস্ট্রেটের আদালত সেসেলসের বিচারবিভাগীয় ব্যবস্থাকে আরও শক্তিশালী করবে এবং সেসেলসের জনসাধারণের কাছে উন্নত বিচার প্রক্রিয়া পৌঁছে দেবে।

দ্রুতগতির ৫০ মিটার দীর্ঘ জলযানটি যুদ্ধ জাহাজের মতো অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন। ভারতের কলকাতার মেসার্স জিআরএসই এই জলযানটি তৈরি করেছে। সে দেশের সামুদ্রিক নজরদারিকে আরও শক্তিশালী করার জন্য সেসেলসকে এই উপহার দেওয়া হয়েছে।

সেসেলসের রোমান ভিলে দ্বীপে এক মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন 'সৌর শক্তি পিভি বিশেষ প্রকল্প'টি ভারত সরকারের আর্থিক সহায়তায় গড়ে উঠেছে।

ভার্চুয়াল এই আয়োজনে সম্প্রদায়গত 10টি উন্নয়নমূলক প্রকল্পকে ভারতীয় রাষ্ট্রদূতের দপ্তর সাহায্য করেছে। স্থানীয় প্রশাসন, শিক্ষা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে ভারতের সহায়তায় এইসব প্রকল্প বাস্তবায়িত হয়েছে।

প্রধানমন্ত্রীর 'সাগর' কর্মসূচি (এই অঞ্চলে সকলের জন্য নিরাপত্তা ও উন্নয়ন)-তে সেসেলস গুরুত্বপূর্ণ স্থান দখল করে রয়েছে। সময়ের গণ্ডি অতিক্রম করে সেসেলসের পরিকাঠামো, উন্নয়ন ও নিরাপত্তা চাহিদা মেটাতে ভারত বিশ্বাসযোগ্য অংশীদার হয়ে উঠেছে, ভারত ও সেসেলসের জনসাধারণের মধ্যে নিবিড় সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের যা প্রতিফলন।

নিউ দিল্লি

এপ্রিল 07, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

